# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ১৩. কেনান ও ফিলিস্তিনের বিরুদ্ধে পক্ষপাতিত্ব

প্রকৃতপক্ষে পবিত্র বাইবেলের মূল ভিত্তিই পক্ষপাতিত্ব। ঈশ্বর সকল মানুষের সৃষ্টিকর্তা হলেও কোনো কারণ ছাড়াই তিনি সকলের মধ্যে মাত্র একজন মানুষ 'যাকোব' বা ইসরাইলের বংশধরদের পক্ষে। বনি-ইসরাইলের প্রয়োজনে অন্য সকল মানুষকে নির্বিচারে হত্যা করতে সুস্পষ্ট নির্দেশ দিয়েছেন বাইবেলের ঈশ্বর।

বাইবেলের মূল কাহিনী প্রতিশ্রুত দেশ (The Promised Land)-এর কাহিনী। ঈশ্বর তাঁর প্রিয় সন্তান, প্রজা বা বান্দা বনি-ইসরাইলকে দুধ ও মধুতে পরিপূর্ণ একটা দেশ প্রদানের প্রতিশ্রুতি দিলেন। এ প্রতিশ্রুতি পূরণের জন্য ঈশ্বর তাঁর প্রিয় সন্তানদেরকে দুধ-মধুময় জনমানবশূন্য কোনো উর্বর দেশ প্রদান করলে কোনো অসুবিধা ছিল না। কিন্তু এ প্রতিশ্রুতি দিয়ে ঈশ্বর বনি-ইসরাইলকে কনান বা কেনান দেশ (Canaan) নামে প্রসিদ্ধ বৃহত্তর সিরিয়া-ফিলিস্তিনের মূল অধিবাসী লক্ষ লক্ষ মানুষকে হত্যা করে দেশগুলো অধিকার করার নির্দেশ প্রদান করলেন। যে মানুষগুলো 'দুধ-মধুময়' এ দেশগুলোতে প্রাগৈহিতাসিক যুগ থেকে বসবাস করছেন, এ দেশেই যাদের ও যাদের পূর্বপুরুষদের জন্ম, কোনো কারণ ছাড়াই তাদেরই সৃষ্টিকর্তা ঈশ্বর বিভিষিকাময় হত্যাযজ্ঞের মাধ্যমে তাঁদের সকলকে নির্মমভাবে হত্যা করে তাদের দেশ দখল করতে বনি-ইসরাইলকে নির্দেশ দিলেন। বাইবেল এ দখল ও হত্যাযজ্ঞের বর্ণনায় পরিপূর্ণ।

বনি-ইসরাইলের সামান্যতম অসুবিধার সামান্যতম সম্ভাবনা থাকলেও লক্ষ লক্ষ অ-ইসরাইলীয়কে নির্বিচারে হত্যা করতে হবে। যখনই বনি-ইসরাইল হত্যাযজ্ঞে সামান্য আপত্তি করেছে বা সামান্য মানবতা প্রদর্শন করেছে তখনই ঈশ্বর ক্রুদ্ধ হয়ে তাদেরকে শাস্তি দিয়েছেন। নবম অধ্যায়ে হত্যা ও জিহাদ প্রসঙ্গে এ বিষয়ে আলোচনা করব।

ঈশ্বর বলছেন: ''আমি আমার নিজের বান্দা (জাতি: people) হিসেবে আমি তোমাদের কবুল করব আর তোমাদের আল্লাহ হব। তখন তোমরা জানতে পারবে যে, আমি আল্লাহই তোমাদের মাবুদ, আর মিসরীয়দের বোঝার তলা থেকে আমিই তোমাদের বের করে এনেছি। যে দেশ দেবার কসম আমি ইব্রাহিম, ইসহাক ও ইয়াকুবের কাছে খেয়েছিলাম সেই দেশেই আমি তোমাদের নিয়ে যাব এবং সেই দেশের অধিকার আমি তোমাদের দেব। আমিই মাবুদ।'' (হিজরত ৬/৭-৮, মো.-০৬)

একজন সরলমনা বিশ্বাসী হয়ত এ কথা পড়ে উজ্জীবিত হবেন। কিন্তু পাঠক কি জানেন এ কথার অর্থ কী? এ কথার অর্থ হল, ফিলিস্তিন ও তৎপার্শ্ববর্তী বিশাল দেশের কয়েক কোটি মানুষকে নির্মমভাবে হত্যা করে তাদের দেশগুলো দখল করা। মূল বিষয় একটাই। যাকোব বা ইসরাইলের বংশধরদের স্বার্থ ও ইচ্ছার উপরে নির্ভর করছে বাকি মানব জাতির বেঁচে থাকার সুযোগ। ঈশ্বরের প্রিয় সন্তান, প্রজা বা বান্দা ইসরাইলের বাঁচার পরে যদি সুযোগ থাকে তবে অন্য জাতির মানুষেরা বাঁচার অধিকার পাবে।

যীশুও এ পক্ষপাতিত্ব নিশ্চিত করেছেন। ঈশ্বরের প্রিয় সন্তান বনি-ইসরাইলের বাঁচার অধিকার নিশ্চিত করার পরেই অন্যদের চিন্তা। অ-ইহুদি মহিলাকে দোআ করতে অস্বীকার করে তিনি বলেন: ''সন্তানদের খাদ্য লইয়া

কুকুরদের কাছে ফেলিয়া দেওয়া ভাল নয়” (মথি ১৫/২২-২৮)। এজন্যই তাঁর ধর্ম বনি-ইসরাইলের মধ্যে সীমাবদ্ধ রেখে তিনি বলেন: “ইস্রায়েল কুলের হারানো মেষপাল ছাড়া আর কাহারও নিকটে আমি প্রেরিত হইনি” (মথি ১৫/২৪)। তিনি শমরীয় মহিলাকেও এ পক্ষপাতিত্বের কথা জানিয়ে বলেন: “ইহুদিদের মধ্য হতেই পরিত্রাণ” (যোহন ৪/৪-৫)। রক্ত ও বর্ণ বিচারে বনি-ইসরাইল ছাড়া অন্য বংশের মানুষদেরকে তিনি কুকুর বলে আখ্যায়িত করেছেন এবং অ-ইহুদিদেরকে দীক্ষা দিতে নিষেধ করেছেন; কারণ শূকর ও কুকুররা পবিত্র শিক্ষা বুঝবে না (মথি ৭/৬; মথি ১০/৫-৮; মথি ১৫/২২-২৮; মার্ক ৭/২৫-২৯)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14276

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন